

# **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪০১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩২৮. সিজদ্বসমুহের অনুচ্ছেদমালা এবং কুরআন তিলাওয়াতের সিজদ্ব সংখ্যা প্রসঙ্গে

باب تَفْرِيع أَبْوَابِ السُّجُودِ وَكَمْ سَجْدَةٍ فِي الْقُرْآنِ

### আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحِيمِ بْنِ الْبَرْقِيِّ، حَدَّثَنَا ابْنُ أَبِي مَرْيَمَ، أَخْبَرَنَا نَافِعُ بْنُ يَزِيدَ، عَنِ الْحَارِثِ بْنِ سَعِيدِ الْعُتَقِيِّ، عَنْ عَبْدِ اللهِ بْنِ مُنَيْنِ، \_ مِنْ بَنِي عَبْدِ كُلَالٍ \_ عَنْ عَمْرِو بْنِ الْحَارِثِ بْنِ سَعِيدِ الْعُتَقِيِّ، عَنْ عَبْدِ اللهِ بْنِ مُنَيْنِ، \_ مِنْ بَنِي عَبْدِ كُلَالٍ \_ عَنْ عَمْرِو بْنِ الْعَاصِ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم أَقْرَأَهُ خَمْسَ عَشْرَةَ سَجْدَةً فِي الْقُرْآنِ مِنْهَا ثَلَاثُ فِي الْمُفَصَّلِ وَفِي سُورَةِ الْحَجِّ سَجْدَتَانِ . قَالَ أَبُو دَاوُدَ : رُويَ عَنْ أَبِي مَنْهَا ثَلَاثُ فِي النَّبِيِّ صلى الله عليه وسلم إحْدَى عَشْرَةَ سَجْدَةً وَإِسْنَادُهُ وَاهٍ .

\_ ضعيف: المشكاة (١٠٢٩)

#### বাংলা

১৪০১। 'আমর ইবনুল 'আস (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে কুরআনের মধ্যে পনেরটি সিজদা্ পাঠ করিয়েছেন। তন্মধ্যে সূরাহ মুফাসসলে তিনটি এবং সূরাহ হাজ্জের মধ্যে দু'টি।[1]

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, আবূ দারদা (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন যে, সিজদা্ এগারটি। তবে এ বর্ণনার সানাদ দুর্বল।

দুর্বল : মিশকাত (১০২৯)।

## **English**

#### Narrated Amr ibn al-'As:

The Prophet (ﷺ) taught me fifteen prostrations while reciting the Qur'an, including three in al-Mufassal and two in Surah al-Hajj.



Abu Dawud said: Abu al-Darda' has reported eleven prostrations from the Prophet (ﷺ), but chain of this tradition is weak.

### ফুটনোট

- [1] ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্বায়িম, অনুঃ কুরআনে সিজদার সংখ্যা, হাঃ ১০৫৭) ইবনু আবূ মারইয়াম হতে। এর সানাদ দুর্বল। আবূ দাউদ বলেনঃ এর সানাদ নিকৃষ্ট।
- এক নজরে কুরআনে সাজদার আয়াতসমূহঃ

কুরআনে সাজদার আয়াতসমূহ ১৫টি- (ফিক্ল্স সুন্নাহ ১/১৬৫-১৬৭)। সেগুলো হচ্ছেঃ

- (১) সূরাহ আল-আ'রাফ, আয়াত : ২০৬।
- (২) সূরাহ রা'দ, আয়াত : ১৫।
- (৩) সুরাহ আন-নাহল, আয়াত : ৪৯।
- (৪) মারইয়াম, আয়াত : ১০৭।
- (৫) সুরাহ ইসরা, আয়াত : ৫৮।
- (৬-৭) সুরাহ হাজ্ব, আয়াত : ১৮, ৭৭।
- (৮) সূরাহ ফুরক্বান, আয়াত ৬০।
- (৯) সূরাহ নামল, আয়াত : ২৫।
- (১০) সুরাহ সিজদা্, আয়াত : ১৫।
- (১১) সূরাহ সোয়াদ, আয়াত : ২৪।
- (১২) হামীম সিজদা, আয়াত : ৩৭।
- (১৩) সূরাহ নাজ্ম, আয়াত : ৬২।



- (১৪) সূরাহ ইনশিকাক, আয়াত : ২১।
- (১৫) সূরাহ 'আলারু, আয়াত : ১৯।

তিলাওয়াতে সিজদার কতিপয় নিয়মঃ

- 🕽 । এ সাজদার জন্য অযু শর্ত নয়।
- ২। তিলাওয়াতে সাজদার ক্বাযা নেই।
- ৩। একই আয়াত বারবার পড়লে শেষে কেবল একবার সিজদা্ দিলেই চলবে।
- ৪। যানবাহনে চলার পথে সিজদার আয়াত শুনলে ইশারায় নিজ হাতের উপর সিজদা করবে।
- ৫। সিজদাকারী 'আল্লাহু আকবার' বলে সিজদা করবে। অতঃপর সাজদার যেকোন দু'আ পড়বে।
- ৬। তিলাওয়াতের সিজদা্ হবে মাত্র একটি।
- ৭। এ সিজদা ফার্য ন্য়। তাই করলে সওয়াব আছে, না করলে গুনাহ নেই।
- ৮। সালাত সশব্দে হোক বা নিঃশব্দে সাজদার আয়াত তিলাওয়াত করলে সিজদা্ করতে হবে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন